নাইক্ষ্যংছড়িতে অস্ত্রসহ আটক তিন জনের বিরুদ্ধে মামলা

নাইক্ষ্যংছড়ি প্রতিনিধি :
গত সোমবার সকালে নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের তুমব্রু পাহাড়ী অরণ্য থেকে র্যাপিড এ্যাকশন ব্যটালিয়ন (র্যাব-৭) এর অভিযানে অস্ত্রসহ আটককৃত তিন জনের বিরুদ্ধে নাইক্ষ্যংছড়ি থানায় মঙ্গলবার রাতে মামলা হয়েছে বলে জানা গেছে। মামলা নং-৪।

র্যাবের কক্সবাজার ক্যাম্পের একজন ডিআইডি বাদী হয়ে মামলাটি করেছেন বলে খবর পাওয়া গেছে। আসামীরা হচ্ছেন খায়রুল আমিন (৩৫), আবুল কালাম আজাদ (৩০) ও মো: হাসান।

মামলা হওয়ার বিষয়টি বুধবার নিশ্চিত করেছেন নাইক্ষংছড়ি থানা অফিসার ইনচার্জ তৌহিদ কবির।